## কৌশিক *—তেতালা

শ্মশানে জাগিছে শ্যামা
অন্তিমে সন্তানে নিতে কোলে
জননী শান্তিময়ী বসিয়া আছে ঐ
চিতার আগুন ঢেকে স্নেহ-আঁচলে ॥
সন্তানে দিতে কোল ছাড়ি সুখ-কৈলাস
বরাভয়-রূপে মা শ্মশানে করেন বাস,
কি ভয় শ্মশানে শান্তিতে যেখানে
ঘুমাবি জননীর চরণ-তলে ॥
জ্বলিয়া মরিলি কে সংসার-জ্বালায়,—
তাহারে ডাকিছে মা, 'কোলে আয়, কোলে আয়'।
জীবনে শ্রান্ত ওরে, ঘুম পাড়াইতে তোরে—
কোলে তুলে নেয় মা মরণের ছলে ॥

কথা ও সুর ঃ—কাজী নজরুল ইস্‌লাম          স্বরলিপি ঃ—জগৎ ঘটক

[ র্সা ]
II সা সর্সা র্সা র্সণা | ণর্সণা ণদা দণা দা | ণদা -ণদা মা -া | মপা -া -জ্ঞমা-জ্ঞমা I
শ্ম শা নে জা ০ গি ০ ছে ০ শ্যা ০ মা ০ ০০ ০ ০ মা

I জ্ঞমা -পা পদপা পমা | মজ্ঞা -মজ্ঞা রসা সা | ণ্সা দ্‌ণ্‌া সা মা | মা -া -া -া I
অ ০ ন্‌ তি ০ মে ০ স ০ ০ ন্‌ তা ০ নে নি ০ তে ০ কো ০ লে ০ ০ ০

I সা সজ্ঞা জ্ঞা জ্ঞা | সজ্ঞা জ্ঞমা মা মা | জ্ঞা মা জ্ঞমা -পা | মজ্ঞা জ্ঞমা জ্ঞরা -সা I
জ ন ০ নী শা ০ ন্‌ তি ০ ম য়ী ব সি য়া ০ ০ আ ০ ছে ঐ ০ ০

I সা জ্ঞা -া জ্ঞমা | মণা -দণা র্সা র্সা | ণা ণর্সা ণর্সণা ণদা | দণা -া -দা মা II
চি তা র্‌ আ ০ গু ০ ০ ণ ঢে কে স্নে হ ০ আঁ ০ ০ চ ০ লে ০ ০ ০ ০ ০

| ০ | | | | ১ | | | | + | | | | ৩ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| II মা | পা | মা | জ্ঞা | মা | মা | মণা | দা | ণা | র্সা | র্সদা | ণা | ণর্সা | -া | র্সা | -া I |
| স | ন্ | তা | নে | দি | তে | কো ০ | ল্ | ছা | ড়ি | সু | খ | কৈ ০ | ০ | লা | স্ |
| I র্সা | র্সজ্ঞা | জ্ঞা | জ্ঞা | র্রা | জ্ঞা | জ্ঞর্রা | -র্সা | র্সা | র্সর্রা | র্রর্সাণ | ণধা | ধা | ণা | ণা | -া I |
| ব | রা ০ | ভ | য়া | ল | পে | মা ০ | ০ | শ্ম | শা ০ | নে | ক ০ | রে | ন্ | বা | স্ |
| I র্সা | র্সজ্ঞা | -া | র্মা | র্মা | র্মা | র্মা | -া | জ্ঞা | -র্মজ্ঞা | জ্ঞা | জ্ঞা | র্রা | জ্ঞর্রা | জ্ঞর্রা | -র্সা I |
| কি | ভ ০ | ০ | য়্ | শ্ম | শা | নে | ০ | শা | ০ ন্ | তি | তে | যে | খা ০ | নে ০ | ০ |
| I র্সা | র্রর্সা | র্সণা | -া | ণা | র্সণাদ | ণদা | মা | জ্ঞা | মা | ণদা | দণা | ণর্সা | -া | -া | -া II [ ] |
| ঘু | মা | বি | ০ | জ | ন | নী ০ | র্ | চ | র | ণ | ত | লে | ০ | ০ | ০ |
| II সা | সজ্ঞা | জ্ঞা | জ্ঞণা | সা | জ্ঞা | জ্ঞমা | -া | মপা | -া | পদপদা | মা | জ্ঞমা | জ্ঞা | মা | -া I |
| জ্ব | লি ০ | য়া | ম | রি | লি | কে ০ | ০ | সং ০ | ০ | সা ০০০ | র্ | জ্বা ০ | লা | ০ | য়্ |
| I মা | মা | পমজ্ঞা | জ্ঞা | মা | মা | মণা | -া | ণা | ণর্সা | ণর্সা | -া | র্সজ্ঞা | জ্ঞা | জ্ঞর্রা | র্সা I |
| তা | হা | রে ০ | ডা | কি | ছে | মা ০ | ০ | কো | লে | আ ০ | য়্ | কো ০ | লে | আ ০ | য়্ |
| I র্সা | র্সর্মা | জ্ঞর্মজ্ঞা | জ্ঞা | -া | জ্ঞা | র্রা | র্রজ্ঞর্রর্সা | র্সা | -র্রা | র্রা | র্রজ্ঞর্রর্সা | র্সা | র্সা | র্সা | র্সা I |
| জী | ব | নে ০০ | শ্রা | ন্ | ত | ও | রে ০০ | ঘু | ম্ | পা | ড়া ০০ | ই | তে | তো | রে |
| I র্সা | র্সর্রা | র্রর্সা | র্সণা | ণদা | -া | দণদা | ম | জ্ঞা | মা | ণদা | দণা | ণর্সা | -া | র্সা | -া II II [ ] |
| কো | লে ০ | তু | লে ০ | নে ০ | য়্ | মা ০ | ০ | ম | র | ণে | রি | ছ | ০ | লে | ০ |

* "কৌশিক" আর একটি অপ্রচলিত রাগ। এই রাগ এখন লুপ্তপ্রায়। "সংগীত সার-সংগ্রহে" যে বিংশতি আদি রাগের নাম পাওয়া যায় তাহাদের মধ্যে "কৌশিক" রাগের উল্লেখ আছে। যথা :—"………স্যাতাং কন্দর্প দেশাখ্যৌ কাকুভান্তশ্চ কৌশিক :…" ইত্যাদি। ইহার ঠাট্ "আশাবরীর" ন্যায় এবং জাতি "খাড়ব-সম্পূরণ'। 'মধ্যম' বাদী। দেখা যায়, এই রাগে "মালকোশের" অঙ্গ বেশী পরিস্ফুট এবং যেখানে 'পঞ্চম' লাগান যায়, সেখানে "ধানশ্রী"র অঙ্গ ফুটিয়া ওঠে। কেহ কেহ ইহাকে "কৌশী" বা "কৌশী"-ও বলিয়া থাকেন।

আরোহী :—ণ্ স জ্ঞ ম, প ম, দ ণ র্স।

অবরোহী :—র্স ণ দ ম, প ম, জ্ঞ র স।

কাহারো কাহারো মতে ইহা "কাফী" ঠাটের রাগ। কিন্তু তখন ইহার নাম "কৌশিকী-কানাড়া"। ইহাতে "কানাড়া" ও "মালকোশে"র সংমিশ্রণ থাকে। "কৌশিকী-কানাড়া" এ-দেশে অপ্রচলিত নয়। ইতি—স্বরলিপিকার